গাংনীতে দুটি বাড়িতে চুরি। স্বর্ণালংকারসহ ১৫ লাখ টাকা চুরি

গাংনী উপজেলা পৌর শহরের দুটি বাড়িতে দুধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

সংঘবদ্ধ চোরের দল ঘরের জানালার গ্রীল কেটে ও টিনের ছাউনির নিচ দিয়ে ঘরে ঢুকে দুটি বাড়ি থেকে প্রায় ৩ লাখ ৩০ হাজার টাকা ও ১৫ ভরি ওজনের স্বর্ণালংকার নিয়ে গেছে বলে বাড়ির মালিকরা জানিয়েছেন।

আজ বৃহস্পতিবার (১০ নভেম্বর) বেলা ১০ টা থেকে বেলা ১ পর্যন্ত যে কোনো সময় পাশাপাশি বাড়ি দুটিতে চুরির ঘটন ঘটেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও উপপরিদর্শক (এসআই) আতিকসহ পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

বাড়ির মালিক গাংনী উপজেলা নির্বাহী অফিসের স্টাফ রোজিফা খাতুন বলেন, আমি সকাল ৮ টার দিকে অফিসে চলে যায়। বাড়িতে কেউ ছিলনা। আমার ঘরে নগদ ১ লাখ ৮০ হাজার টাকা ও ১৫ ভরি ওজনের স্বর্ণাংকার নিয়ে গেছে চোরের দল।তিনি বলেন আমার বাড়িটি টিনের ছাউনি। চোরের দল টিনের নিচ দিয়ে ঘরের মধ্যে ঢুকে বাকসের তালা ভেঙ্গে টাকা ও স্বর্ণালংকার নিয়ে গেছে।

এছাড়া গাংনী ভ্যারাইটি স্টোরের মালিক আক্তারুজ্জামান বলেন, রান্না ঘরের জানালার গ্রীল কেটে শোয়ার ঘরে ঢুকে বাকস ভেঙ্গে নগদ দেড় লক্ষ টাকা নিয়ে গেছে।চুরির সময় ওই বাড়ি দুটিতে কেউ ছিলনা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, চুরির ঘটনায় আমিসহ পুলিশের দল ওই বাড়ি দুটি পরিদর্শন করেছি। চুরির ঘটনায় আসামিদের সনাক্তকরণ ও খুজে বের করার চেষ্টা চালাচ্ছে।